# শততমিক
# রোগ, রোগী
# ও
# চিকিৎসা

গবেষক: ডাঃ বলরাম জানা

**BASEDON**
**``THE TESTIMONY**
**OF THE CLINIC''**
**NASH**

# সূচীপত্র

## প্রথম খণ্ড


১। অজীর্ণ ( Dyspepsia ) ৮৪

২। অনিদ্রা ( Insomnia ) ১১৪

৩। অস্থিক্ষয় ( Caries ) ৪৬

৪। আসন্ন জ্বরাতিসার বা টাইফয়েড ফিভার ( Threatened Typhoid Fever ) ১৫, ৩৯, ৫২, ১১৪

৫। ইণ্টারমিটেণ্ট ফিভার ( Intermittent fever ) ৬১,৯৯,১০১,১০৩,১০৪১০৬,১৩০,১৩১,১৪৫,১৬০

৬। ইরিসিপেলাস ( Erysipelas ) ১৪৭

৭। উদরাময় ( Diarrhoea ) ৬১,১২৬,১২৭,১৩২,১৪৭

৮। উপদংশ ( Syphillis ) ৯১

৯। একজিমা( Eczema ) ২৩,৭৬,৭৯,৮৮,৯০

১০। একটি জটিল রোগ ( A complicated case ) ২৬

১১। এনজাইনা পেক্টোরিস ( Angina Pectoris ) ৯৭

১২। এণ্টেরো-কোলাইটিস ( Entero- colitis ) ৪৫

১৩। কনভালশন ( Convulsions ) ১১৬,১৭৫

১৪। কলেরা ( Cholera ) ৬,১১৭

১৫। কাশি ( Cough ) ৮৪

১৬। কেরিজ ( Caries ) ৪৬

১৭। কোষ্ঠ-কাঠিন্য ( Constipation ) ১৬৩

১৮। কোরিয়া-( Chorea ) ১৭৫

১৯। ক্রুপ ( Croup ) ৭

২০। ক্যানসার-পাকস্থলীর ( Cancer of the Stomach ) ১৯,২৩

২১। ক্ষয়রোগ ( Marasmus ) ৪৬

২২। খেচুনি ( Convulsion ) ১১৬,১৭৫

২৩। গলগণ্ড ( Goitre ) ১৬৪

২৪। গ্যাস্ট্রালজিয়া ( Gastralgia ) ২৫

২৫। ঘুংড়ি ( Croup ) ৭

২৬। চিত্ত-বিক্ষেপ ( Mental Aberration ) ১১০

২৭। জণ্ডিস ( Jaundice ) ৭৪

২৮। জরায়ু নির্গমন ( Prolapse uterus ) ১৩

২৯। জরায়ু-রক্তস্রাব ( Metrorrhagia ) ৪৪,১৭৬

৩০। টনসিলাইটিস ( Tonsilitis ) ১৩,৮৬,৮৭

৩১। টাইফয়েড জ্বর ( Typhoid fever ) ১৫,৩৯,৫২,১১৪

৩২। ডিপথিরিয়া ( Diphtheria ) ১১,৮১,৮৩

৩৩। ড্রপসি ( Dropsy ) ৬৪,৬৫

৩৪। তড়কা ( Convulsion ) ১১৬,১৭৫

৩৫। ধর্ম্মের বাতিক ( Religious Mania ) ২

৩৬। নাকের সর্দ্দি ( Coryza ) ১৫০

৩৭। নিউমোনিয়া ( Pneumonia ) ৪৩,১২৪, ১২৫,৯০

৩৮। টনসিল প্রদাহ ( Tonsilitis ) ১৩,৮৬,৮৭

৩৯। পক্ষাঘাত ( Paralysis ) ৯

৪০। পাকস্থলীর ক্যানসার ( Cancer of the stomach ) ১৯

৪১। পাকস্থলীর বেদনা ( Gastralgia ) ২৫
৪২। পুঁয়ে পাওয়া ( Marasmus ) ৪৬
৪৩। পেট ফাঁপা ( Tymphanitis ) ৫৮
৪৪। প্যারালিসিস ( Paralysis ) ৯
৪৫। প্রাদাহিক উদরাময় ( Entero-colitis ) ৪৫
৪৬। প্রুরাইটিস ভালভি ( Pruritis valvae ) ১৪
৪৭। ফুসফুস প্রদাহ ( Pleurisy ) ৪৩,১২৪,১২৫,৯০
৪৮। ফ্রন্টাল সাইনাসের অ্যাবসেস ( Frontal sinus abscess ) ৩১
৪৯। বক্ষাবরক ঝিল্লী ও ফুসফুস প্রদাহ ( Pleuro-pneumonia ) ৯০
৫০। বধিরতা ( Deafness ) ১৭৫
৫১। বাকশক্তির ক্ষীণতা ( Impairment of speech ) ৫১
৫২। বাত ব্যাধি ( Rheumatism ) ৪,৩৪,৫৫,১৩৬,১৪০,১৪৪
৫৩। বিষাদরোগ ( Malancholia ) ৩৮
৫৪। মচকানি ( Sprain ) ১৪৬
৫৫। মস্তিষ্কে জল সঞ্চয় ( Hydrocephalous ) ১৭
৫৬। মাথা বেদনা ( Headache ) ১২২
৫৭। মুখ-গহবরের ক্ষতযুক্ত প্রদাহ ( Stomachache/ apthae ) ৪২
৫৮। মুখমণ্ডলের স্নায়ু শূল ( Tic Doulouraeux ) ৯৫
৫৯। মূত্র মার্গ-প্রদাহ ( Chronic Urethritis ) ১৭৯
৬০। ম্যালেরিয়া ( Malaria ) ১৫৩
৬১। যকৃতের পীড়া ( Liver Disease ) ১০৫
৬২। যোনি বৃহদোষ্ঠের প্রদাহ ( Inflamation of the Labia Majora ) ১৪
৬৩। রক্তামাশয় ( Blood dysentery ) ১১৯,৮৯

৬৪। রজোরোধ ( Menopause ) ১৭১,১৭৩

৬৫। শিশু কলেরা ( Infantile cholera ) ১৩৪

৬৬। শোথ (Dropsy) ৬৪,৬৫

৬৭। সায়েটিকা ( Sciatica ) ২৯

৬৮। স্নায়ু-শূল ( Neuralgia ) ৫৬,৫৯,১৩৮,১৩৯

৬৯। হাইড্রোকেফালস ( Hydrocephalous ) ১৭

৭০। হাম ( Measles ) ২৪

৭১। হৃৎ-শূল ( Angina-pectoris ) ৯৭

# ঔষধ


| | | |
|---|---|---|
| ১। | অরাম মেটালিকাম ( Aurum metalicum ) | ৩১ |
| ২। | আর্সেনিকাম ( Arsenicum ) | ১৯ |
| ৩। | একোনাইটাম নেপেলাস ( Aconite Nap ) | ১ |
| ৪। | এণ্টিমোনিয়াম টার্টারিকাম ( Antim tart ) | ৬ |
| ৫। | এপিস মেলিফিকা ( Apis mel ) | ১১ |
| ৬। | ওপিয়াম ( Opium ) | ১১৪ |
| ৭। | কার্বো ভেজিটেবিলিস ( Carbo Veg ) | ৫১ |
| ৮। | ক্যালকেরিয়া কার্ব ( Calc Carb ) | ৪৪ |
| ৯। | গ্রাফাইটিস ( Graphitis ) | ৭৬ |
| ১০। | ডিজিটেলিস ( Digitalis ) | ৬৪ |
| ১১। | নাক্স মস্কাটা ( Nux moschata ) | ১১০ |
| ১২। | নেট্রাম মিউরিয়েটিকাম ( Nat mur ) | ৯৯ |
| ১৩। | পডোফাইলাম ( Podophyllum ) | ১৩০ |
| ১৪। | পালসেটিলা ( Pulsatilla ) | ১৩৭ |
| ১৫। | ফসফরাস | ১১৭ |
| ১৬। | ব্যাপ্টিসিয়া টিংকটোরিয়া ( Baptisia tinct ) | ৩৯ |
| ১৭। | মস্কাস ( Musches ) | ৯৭ |
| ১৮। | মার্কিউরিয়াস ( Mercurious ) | ৮৬ |
| ১৯। | মেজেরিয়াম ( Mezerium ) | ৯৫ |
| ২০। | লাইকোপোডিয়াম ( Lycopodium ) | ৮১ |
| ২১। | সালফার ( Sulphur ) | ১৭১ |
| ২২। | সিনকোনা ( Cincona ) | ৫৫ |
| ২৩। | সিপিয়া ( Sepia ) | ১৬৩ |
| ২৪। | স্যাবাডিলা ( Sabadilla ) | ১৬১ |
| ২৫। | রাসটক্স ( Rhus tox ) | ১৪৪ |

# দ্বিতীয় খণ্ড

## ঔষধ নির্ব্বাচন

## (Select Your Remedy)


১। অপরাহ্নে বৃদ্ধি ( Aggravation during afternoon ) ২১৪

২। অস্থিরতা ( Restlessness ) ১৯৮

৩। আকড়ে ধরা বেদনা ( Cramping pain ) ২৩৯

৪। আহারে ও আহারের পরে বৃদ্ধি ( Agg. from eating and after eating ) ২২৫

৫। বদমেজাজি ও উত্তেজনা প্রবণতা ( Crossness and irritability )

৬। উপশম চাপে ( Ame. pressure/Relief from pressure ) ২২১

৭। কর্ত্তনবৎ বেদনা ( Cutting pain ) ২৩৩

৮। ক্রন্দন শীলতা ( Tearfulness ) ২০৬

৯। খিল ধরা বা আঁকড়ে ধরা বেদনা ( Cramping pain ) ২৩৯

১০। গরম ও গরমে বৃদ্ধি (Agg. warmth and from warmth) ১৯৫

১১। ঘুমের পরে বৃদ্ধি ( Agg. after sleep ) ২১০

১২। চাপে উপশম ( Relife from pressure ) ২২১

১৩। চাপে বৃদ্ধি ( Agg. from pressure ) ২১৯

১৪। জ্বালাকর বেদনা ( Burning pain ) ২২৯

১৫। টাটানো বেদনা ( Soreness ) ২৩৫

১৬। ঠাণ্ডা ও ঠাণ্ডায় বৃদ্ধি ( Cold and agg. from cold ) ১৯১

১৭। দপদপ্‌কুরা বেদনা ( Throbbing pains ) ২৩৭

১৮। নড়াচড়ায় বৃদ্ধি ( Agg. from motion ) ২১১

১৯। পিপাসা ( Thirst ) ২২৩

২০। ফেটে যাওয়ার মত বেদনা ( Bursting pain ) ২৪১

* * *

● বৃদ্ধি, অপরাহ্নে ( Aggravation during afternoon ) ২১৪

— আহারে ও আহারের পরে ( Agg. from eating and after eating ) ২২৫

— গরমে ( Agg. warmth ) ১৯২

— ঘুমের পরে ( Agg. after sleep ) ২১৮

— চাপে ( Agg. from pressure ) ২১৯

— ঠাণ্ডায় ( Agg. from cold ) ১৯১

— নড়াচড়া ( Agg. from motion ) ২১১

— শয়নে ( Agg. from lying ) ২০৮

● বেদনা, আঁকড়ে ধরা ( Pain, cramping ) ২৩৯

— কর্ত্তনবৎ ( Pain, cutting ) ২৩৩

— খিল ধরা ( Pain, cramping ) ২৩৯

— জ্বালাকর ( Pain, burning ) ২২৯

— টাটানো ( Pain, Soreness ) ২৩৫

— দপদপকর ( Pain, Throbbing ) ২৩৭

— ফেটে যাওয়ার মত ( Pain, bursting ) ২৪১

* * *

২১। ভয় ( Fear ) ২০৪

২২। মধ্য রাত্রের পরে আরও খারাপ ( Agg. after midnight ) ২১৬

২৩। শয়নে বৃদ্ধি ( Agg. from lying ) ২০৮

# একোনাইটাম নেপেলাস
## ( Aconite Napellus )

### ১। ক্রনিক স্নায়বিক অবসন্নতা
### (Chronic Nervous Prostration)

ক্যানডোর, নিউইয়র্ক ; ফিলাডেলফিয়া বিশ্ববিদ্যালয়ের উপাধি লাভ করে বাড়ী ফিরে আসার পর পাশাপাশি একটি শহরে (ড্যানবি), একটি রোগিণী আমাকে ডাকেন। তিনি তখন কয়েকজন চিকিৎসক কর্তৃক নির্ণীত 'স্নায়বিক অবসন্নতা' নামক রোগে কুড়ি বছর ধরে শয্যাশায়ী।

আমি মনেকরি, ইহা হাতে নেওয়া শিক্ষা-নবীশের পক্ষে দুঃসাধ্য, কিন্তু পরীক্ষা করার পর রোগিণীর কাছ থেকে জানতে পারি যে, তাঁর যাবতীয় অসুখ প্রথমে শুকনো ঠাণ্ডা বাতাসে ( শূন্য ডিগ্রী অপেক্ষা ২০ ডিগ্রি নীচে ) অনেকক্ষন ঘোড়ায় চড়ে বেড়ানোর পর হয়েছিল। সেই থেকে তিনি কখনও ভাল থাকেননি। এখন তিনি দীর্ঘকালের অনিদ্রায় ( insomnia ) কষ্ট পাচ্ছেন। পাছে তাঁর মৃত্যু হয়, এই আশংকায় তিনি ঘুমতে ভয় পান। রোগের ক্রনিক প্রকৃতি থাকা সত্ত্বেও এই সকল সূচক-লক্ষণের উপর নির্ভর করে আমি একোনাইট ৬x ব্যবস্থা করি। এক মাস পরে তিনি হেঁটে আমার অফিসে আসেন। তিনি বলেন, "আমি আমার প্রতিশ্রুতি মত খবর দিইনি, তার কারন প্রথম রাত্রিতেই আমি ভাল করে ঘুমই এবং সেই থেকে এখনও ঘুমাচ্ছি। আমি ভালই আছি।"

* মন্তব্য :—আজ থেকে বহুবছর আগে, বিশ্ববিদ্যালয়ের উপাধি পাওয়ার পর ইহাই আমার প্রথম রোগী। ইহা একটি আশ্চর্য্য আরোগ্য কারন ইহা আমাদের উভয়কেই সাহায্য করেছিল—আমাকে হোমিওপ্যাথিতে আমার বিশ্বাস

প্রতিষ্ঠিত করে, আর রোগিণীকে এত দিনের অসুস্থতার পর তার সম্পূর্ণ সুস্থ-স্বাস্থ্য ফিরিয়ে দিয়ে।

( ই. ই. স্নাইডার )

## ২। ধর্মের বাতিক

( Religious Mania )

ধর্মের বাতিক। রোগিণী অতিরিক্ত অনুভূতিসম্পন্না ( hypersensitive ) কুড়ি বছর বয়সের একটি যুবতী। এস্থলেএটি আবার একটি দীর্ঘ-ইতিহাস সমন্বিত একটি রোগীর অবস্থা যা যথেষ্ট মনোযোগ দেওয়া সত্ত্বেও কিছুকালের জন্য আমাকে এড়িয়ে চলেছিল। অনেক চেষ্টার পর আমি জানতে পারি যে, পাছে কেউ ধর্ম্ম প্রসঙ্গে আলোচনা করে এই ভয়েই সে বেশীর ভাগ উত্যক্ত। এরপরে আমি জানতে পারি যে, সে বুদ্ধি ও স্মৃতিনাশের ( ক্যাল কার্ব্ব ), রাত্রিতে কল্পিত বিভীষিকা দর্শনের এবং ভয়াবহ স্বপ্নের ( বেল ) ভয় করে, সঙ্গীত সহ্য করতে পারে না ( ইগ্নে ), রাস্তা পেরোতে ভয় করে পাছে গাড়ী চাপা পড়ে, ভয় করে যে বড় বড় বাড়িগুলি তার উপর টলে পড়বে কিংবা ধারাল বস্তুগুলি শূন্য দিয়ে ছুটে এসে তাকে আঘাত করবে ( আর্জ্জ নাই )। এ স্থলে জ্বর, রক্ত সঞ্চয়, ঠাণ্ডা, শুকনো বাতাসে অত্যধিক অনুভূতি, টসটসে মুখমণ্ডল ( ইহা অত্যন্ত ফ্যাকাশে ), শুষ্ক শ্লৈষ্মিক ঝিল্লী ও পিপাসা ছিল না। বরং যে সব লক্ষণ একোনাইটের প্রকৃতি গত বলে আমরা সচরাচর শুনি তাদের বিরুদ্ধে প্রমান প্রচুর পরিমানে ছিল।

কিন্তু প্রায় সব কিছুতেই এই দুর্নিবার ভয়ের জন্য ওপিয়ামই কেবল মাত্র একোনাইটের তুল্য—প্রতিযোগী। তবে খুঁটিয়ে পরীক্ষা করার পর দেখা যায় যে ইহা একোনাইটের অবস্থা ; এবং এক সহস্রক্রমের একোনাইটের একমাত্রা সমস্ত উপদ্রব দূর করে দেয়।

* মন্তব্য—এই ঘটনাটি পাঁচ বছর আগের, এবং রোগিণী তার আগের চিত্ত-বিকলতার কথা শুনে এখন হাসে। এক্ষেত্রে আমি বলতে ভুলে গেছি যে, চরম প্রফুল্লতা থেকে বিষন্নতায় মনোগতির পর্যায়গত পরিবর্তন ক্রোকাস বা ইগ্নেসিয়াতেও পাওয়া যায়।

( স্পেন্সার কার্লেটন )

● আলোচনা—

আমি ইচ্ছা করেই এই দুটি রোগী বিবরণী নির্ব্বাচন করেছি—এই দেখবার উদ্দেশ্যে যে, একোনাইটের কার্য্যক্ষেত্র কত বিস্তীর্ণ ;—প্রকৃত হোমিওপ্যাথের সুপরিচিত তরুন অবস্থা যেমন এর ক্রিয়াধীন, তেমনি ক্রনিক অবস্থাও এর বিশেষ ভাবে অধিকার ভুক্ত।

শুকনো, ঠাণ্ডা বাতাস লাগাজনিত যেকোন গৌন ফলের জন্য ঔষধ নির্ব্বাচনের সময়ও এই ঔষধটি বিবেচিত হয়, এমনকি কঠিন ঘুংড়ি কাশি (croup), নিউমোনিয়া, প্লুরিসি অথবা বাতব্যাধিতে ( যদি সঙ্গে সঙ্গে সেই সময় নাও হয়ে থাকে )-ও এটি বিবেচ্য। তবে যদি উহারা তখন সঙ্গে সঙ্গে হত তাহলে একোনাইটের তরুন রোগের সুপরিচিত লক্ষনগুলিও বর্ত্তমান থাকত, এবং একোনাইট প্রয়োগ করলে তখনি উহা কাজ শেষ করে ফেলত। ডা. কার্লেটনের রোগী বিবরণী থেকে দেখা যায় যে হ্যানিমান একোনাইটের তালিকায় মানসিক লক্ষন সকল সর্ব্বাগ্রে দিয়ে কত ঠিক কাজ করেছিলেন। ধর্ম্ম বিষয়ের কথা শুনতে রোগিণীর ভীত হওয়ার কারণ তার 'মৃত্যু ভয়' তার মৃত্যু কোন দিন হবে তার ভবিষ্যত বাণী করে ইত্যাদি। এইরূপ অবস্থা যদিও ডা. স্নাইডার উল্লেখ করেনি, কিন্তু আমি বিবেচনা করি, এইরূপ মৃত্যু ভয় বশতঃ অত্যন্ত অস্থিরতা, সকল সময় না-হোক, অন্ততঃ সময় সময় উপস্থিত হবেই।

[ ডা. ন্যাশ ]

আমি এখন একটি রোগী বিবরণী দেব যা তরুন অবস্থায় আমাদের এই ঔষধটির ( আরোগ্য কর ) ক্রিয়া বিশদ ভাবে বুঝিয়ে দেবে।

## ৩। বাতব্যাধি

### ( Rheumatism )

জি. এম. ভ্যান হুসেন, স্কর্টল্যান্ড প্রদেশের ভূতপূর্ব শেরিফ ( sheriff ), প্রায় ৬০ বছর বয়স্ক, কৃশ স্নায়বীয়, তৎপর প্রকৃতির, শুকনো, ঠান্ডা হাওয়া লাগায় বাতব্যাধিতে আক্রান্ত হন। ইহা পায়ের পাতা ও গাঁটে আরম্ভ হয়। উহা ফুলে, লাল হয়, অত্যন্ত যন্ত্রনা হয় আর তাঁর জন্য তিনি চিৎকার করতেন। তাঁর নাড়ী দ্রুত ও তাপ প্রবল ; অত্যন্ত উদ্বেগ, অস্থিরতা এবং অবস্থান পরিবর্তন করা ও ছিল, তবে ইহা তাকে ব্যথা দিত। তাঁর অত্যন্ত ভয় হয় যে, ইহা তাঁর সমস্ত শরীরে ছড়িয়ে পড়বে এবং তাঁর মৃত্যু ঘটবে। বেদনা কমার জন্য তিনি কিছু চান ( মরফিন তিনি চান ) ; সুতরাং তাঁর জিভের উপর স্যাক ল্যাকের একটি পুরিয়া দিই এবং একোনাইট ৩০ জলে গুলে প্রতি আধ ঘণ্টা অন্তর চায়ের চামচের এক চামচ করে বেদনা উপশম না হওয়া পর্যন্ত দেওয়ার জন্য তাঁর মেয়েকে বলে দিই। তিনি দু'ঘণ্টার মধ্যেই ঘুমিয়ে পড়েন এবং রাত-টা ভাল ভাবেই কাটে। পরের দিন সকালে ফুলোর অর্ধেক কমে যায়, অবং অন্যান্য উপসর্গও সেই পরিমানে প্রশমিত হয়। অরোগ্য দ্রুত ও সম্পূর্ণ রূপে হয়।

[ ন্যাশ ]

* মন্তব্য—এই সব লক্ষণ যুক্ত যেকোন প্রাদাহিক রোগ এই ঔষধের দ্বারা অনুকূল ভাবে প্রভাবিত বা আরোগ্য প্রাপ্ত না হয়ে পারে না, বিশেষ করে প্রথম অবস্থাতেই রসজমার পূর্বেই।

● বিঃ দ্রঃ—এখন শোন আমি যা বলি, যখন এই সব লক্ষণ বর্তমান থাকে, প্রাদাহিক রোগে নির্বিচারে একোনাইট ব্যবস্থা করার অতি সাধারণ ভুলের সম্বন্ধে আমি সতর্ক করে দিতে চাই। আমাদের দলের মধ্যে যে নোংরা গতানুগতিকতা ( রুটিনিজম ) সচরাচর প্রচলিত দেখা যায় তা অতিশয় নিন্দনীয়। যে চিকিৎসক এইরূপ রোগের প্রথাবস্থায় একোনাইট, বেলেডোনা, ফেরাম ফস, জেলসিমিয়াম

ক্যামোমিলা প্রভৃতির পার্থক্য নির্ণয় করতে পারেন না, তিনি তীব্রভাবে তিরস্কৃত হওয়ার উপযুক্ত।

## একক‌থায় একোনাইট

১। ভয়, মৃত্যুর, জনতার, বাইরে যাওয়ার, ইত্যাদি ; সর্ব্বদাই শঙ্কিত ( fearful ) ; ভয়-খাওয়ার পুরাতন ফল সকল।

২। শুকনো, ঠাণ্ডা বাতাস লাগাজনিত অসুখ।

৩। রক্ত সঞ্চয় ও প্রদাহ—জ্বর ; প্রথমাবস্থা ; তার সঙ্গে অত্যন্ত উদ্বেগ, অসহ্য বেদনা, উত্তাপ ও অস্থিরতা ; যন্ত্রনায় ছটফট করে, আবরণ ফেলে দেয়।

৪। বেদনা অসহনীয়, রাত্রে, বিশেষতঃ সন্ধ্যায় ; স্নায়ু শূল।

৫। মুখমণ্ডল লাল ও টসটসে, কিন্তু উঠলেই ফ্যাকাশে হয়ে যায়, এক গাল লাল।

৬। প্রিয় স্থান—স্বরযন্ত্র ( ঘুংড়ি কাশি ), ব্রঙ্কাই ( কণ্ঠনালীর শাখা-প্রশাখা, যা ফুসফুসে প্রসারিত হয়েছে ), ফুসফুস, ফুসফুসাবরণ ( প্লুরা ), সন্ধি, হৃৎপিণ্ড ও রক্ত-সঞ্চালন ( circulation )।

৭। উপচয় ও উপশম—<সন্ধ্যায় (বেদনা ও বক্ষের লক্ষণ সকল), বা পাশে শয়নে ; গরম ঘরে বা গরম আবরণে ;>অনাবৃত হওয়ায় ; কাপড়-চোপড় লাথি মেরে অথবা ছুড়ে ফেলে দেয়।

# এণ্টিমোনিয়াম টার্টারিকাম

## ( Antimonium Tataricum )

### ৪। কলেরা

### ( Cholera Morbus )

আমি একটি কলেরা রোগে এই ঔষধটির উপকারিতার বিষয়ে মনোযোগ আকর্ষন করতে চাই।

'রু' (Raue) বলেন, ভেরেট্রাম সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় ঔষধ এবং প্রায়ই সূচিত হয়, এমনকি তিনি এণ্টিমোনিয়াম টার্টের উল্লেখ পর্য্যন্ত করেননি। 'বেল' (Bell) একে কোন বিশিষ্ট স্থান দেননি। 'জার' তাঁর "ফরটি ইয়ার্সে" ইহার উল্লেখ করেননি। ইপিকাক ও ভেরেট্রাম নিস্ফল হওয়ার পর আমি প্রথম ইহা দ্বারা নিজেকে কলেরার ভীষণ আক্রমন থেকে আরোগ্য করি। উপশম এরূপ সুস্পষ্ট ভাবে হয়েছিল এবং ঔষধের ক্রিয়া এরূপ প্রত্যক্ষ ভাবে ও তাড়াতাড়ি অনুভূত হয়েছিল তা কখনও ভুলব না। বিশেষ করে উপসর্গ গুলি ৩য় শততমিক ক্রমের কয়েকটি বড়ি জিভের উপর গ্রহণ করায় দু মিনিটের মধ্যে যে ভাবে প্রশমিত হয়েছিল তা আমি কখনও ভুলব না। যে সকল লক্ষণ বর্ত্তমান ছিল, এবং যাদের আমি অনেক রোগীতে বর্ত্তমান থাকতে প্রায়ই দেখেছি এবং যারা নিয়ত এই ঔষধটা দ্বারা অপসারিত হয় ( লিপির টেক্সট বুক-এ ১৯-২০ এবং ২১ লক্ষণ গুলি দেখ ) তারা হল এইগুলি—

"বমনের প্রবল চেষ্টা, তৎসহ কপালে ঘাম"

"ক্রমাগত গা-বমি, বমি ও ভেদ।

"প্রবল চেষ্টার দ্বারা ভুক্তদ্রব্য বমন, তারপরে দুর্ব্বলতা শীতানুভবতা, তন্দ্রালুতা—গত চল্লিশ বছর ধরে আমি দেখেছি যে, এই ঔষধটি অন্যান্য ঔষধ অপেক্ষা কলেরা রোগের বেশীর ভাগ ক্ষেত্রেই নির্দ্দেশিত হয়। আমি এর ৬ষ্ঠ থেকে আরম্ভ করে সকল উচ্চ ক্রমই ব্যবহার করি।

[ ন্যাশ ]